# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০২.২৫-২০০

তারিখ: ০২ ফাল্গুন, ১৪৩২ / ১৫ ফেব্রুয়ারি, ২০২৬

## চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে অস্থায়ী ভিত্তিতে জরুরী প্রয়োজনে চুক্তিভিত্তিক পরামর্শক নিয়োগের নিমিত্ত প্যানেল প্রস্তুতির জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নির্ধারিত **১৬ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৬** তারিখের মধ্যে স্ব-হস্তে সরাসরি আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র: | পদের নাম | বেতন | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | পরামর্শক (চুক্তিভিত্তিক) | আলেচনা সাপেক্ষে | ০১ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন সরকারি/ স্বায়ত্বশাসিত/ আধাস্বায়ত্বশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/ কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসাবে অন্যূন তিন (০৩) বছরের চাকরির অভিজ্ঞতা;<br>(গ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোন উদ্ভাবন প্রার্থীর বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। |

**শর্তাবলী:**

১. উপর্যুক্ত পদের জন্য ১৬.০২.২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) হতে হবে। তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের বয়স শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩. চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

৪. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, মিথ্যা তথ্য সংবলিত এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

৫. আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে-
   (ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ/মার্কশীট এর ছায়াকপি;
   (খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এর ছায়াকপি;
   (গ) অভিজ্ঞতার সনদ;
   (ঘ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি।

৬. কর্তৃপক্ষ যেকোন কারণ দর্শানো ব্যতীত বিজ্ঞপ্তি পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৭. প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫.২.২৬

**প্রফেসর ছালেহ আহমাদ**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড